গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

পরিকল্পনা শাখা-২

**"বিআইডব্লিউটিসি'র জন্য ৩৫ টি বাণিজ্যিক ও ৮ টি সহায়ক জলযান সংগ্রহ এবং ২ টি নতুন স্লিপওয়ে নির্মাণ (২য় সংশোধিত) (বিশেষ সংশোধন)" শীর্ষক প্রকল্প:**

| প্রকল্প পরিচালকের নাম | পদবী | মোবাইল নাম্বার |
|---|---|---|
| মো: জিয়াউল ইসলাম | প্রধান প্রকৌশলী, বিআইডব্লিউটিসি | ০১৭১২২৯৭৪৮৬ |

**১। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:**

**ক) প্রকল্পের নামঃ "বিআইডব্লিউটিসি'র জন্য ৩৫ টি বাণিজ্যিক ও ৮ টি সহায়ক জলযান সংগ্রহ এবং ২ টি নতুন স্লিপওয়ে নির্মাণ (২য় সংশোধিত) (বিশেষ সংশোধন)"**

**খ) প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ:**

| মূল অনুমোদিত | ১ম সংশোধিত | ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | ২য় সংশোধিত | Time Over-run |
|---|---|---|---|---|
| ১ জুলাই ২০১৮ - ৩০ জুন ২০২২ পর্যন্ত | ১ জুলাই ২০১৮ - ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত | ১ জুলাই ২০১৮ - ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত | ১ জুলাই ২০১৮ - ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত | প্রযোজ্য নয় |

গ) **প্রকল্প অনুমোদনের তারিখ:**

| | একনেক | মন্ত্রণালয় |
|---|---|---|
| মূল অনুমোদিত | ৩০ জানুয়ারী, ২০১৯ খ্রি. | ১৭ ফেব্রুয়ারী, ২০১৯ খ্রি. |
| ১ম সংশোধিত | - | ১২ জানুয়ারী, ২০২০ খ্রি. |
| ২য় সংশোধিত | ২৮ মে, ২০২৪ খ্রি. | ২৫ জুন, ২০২৪ খ্রি. |
| বিশেষ সংশোধন | - | ১৯ জুন, ২০২৫ খ্রি. |

ঘ) **প্রকল্প পরিচালক হিসাবে যোগদানের তারিখ:** ২৬ এপ্রিল ২০২২ খ্রি.

ঙ) **প্রকল্প ব্যয়:** (লক্ষ টাকায়)

চ) **প্রকল্প এলাকা:** ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, পাবনা, রাজবাড়ি, মানিকগঞ্জ, মাদারীপুর, চাঁদপুর, শরীয়তপুর, লক্ষীপুর, ভোলা, বরিশাল, ঝালকাঠী, নোয়াখালী, পিরোজপুর, বাগেরহাট, খুলনা, চট্টগ্রাম জেলার বিভিন্ন এলাকা।

| | মোট | জিওবি (৯৫%) | বিআইডব্লিউটিসি (৫%) |
|---|---|---|---|
| মূল | ১৩১৯৭১.০০ | ১২৫৩৭২.০০ | ৬৫৯৯.০০ |
| ১ম সংশোধিত | ১৩১৮২০.০০ | ১২৫২২৯.০০ | ৬৫৯১.০০ |
| ২য় সংশোধিত | ১৮৩৭১৬.১৮ | ১৭৪৫৩০.০৭ | ৯১৮৫.৮১ |
| বিশেষ সংশোধন | ২০৯১৬৫.৩২ | ১৯৮৭০৭.০৬ | ১০৪৫৮.২৭ |

**ছ) প্রকল্পের প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:**

- বিআইডব্লিউটিসি'র নৌবহর শক্তিশালীকরণ ও আধুনিকায়ন;

- মেয়াদোত্তীর্ণ পুরাতন জাহাজসমূহের প্রতিস্থাপন;
- অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌপথে নিরাপদ ও দক্ষ নৌপরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণ;
- নৌপথে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন;
- নৌপথে ক্রুজ সার্ভিস চালুকরণ;
- সংস্থার জলযান বহরের মেরামত ও রক্ষণাবেক্ষন এবং পুনর্বাসন সুবিধাদির সক্ষমতা বৃদ্ধি;
- ভবিষ্যৎ ট্রাফিক ও চ্যালেঞ্জ মোকাবেলা; এবং
- সংস্থার রাজস্ব আয় বৃদ্ধি।

**জ) ডিসেম্বর’ ২০২৫ পর্যন্ত প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের বাস্তব অগ্রগতি:**

বাস্তব অগ্রগতি: ৮১.৬৮%
আর্থিক অগ্রগতি: ৭৬.০৭%

**ডিসেম্বর’২০২৫ পর্যন্ত প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমের বাস্তব অগ্রগতি**

**৩৫ টি জলযান নির্মাণ ও সংগ্রহ**

| ক্রমিক নং | অঙ্গের নাম | সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা) | নির্মাতা প্রতিষ্ঠানের নাম | মূল চুক্তি মূল্য (ভ্যাট, ট্যাক্স সহ) (লক্ষ টাকা) | বাস্তব অগ্রগতি | আর্থিক অগ্রগতি (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১) | যাত্রীবাহী ক্রুজার সংগ্রহ (৩ টি) | ৪৪৫২০.৬০ | কর্ণফুলী শীপবিল্ডার্স লিমিটেড | ৪৪৫২০.৫৯ | ৮৭.০০% | ৩০৬৭৩.৬৭ |
| ২) | উপকূলীয় যাত্রিবাহী জাহাজ নির্মাণ (৪ টি) | ৪৩৪৭৯.৫৩ | | ৪৩৪৭৯.৫২ | ৮৭.০০% | ৩০৭৪২.৬৪ |
| ৩) | কে টাইপ ফেরি নির্মাণ (৬ টি) | ২০৫৮৯.৫৬ | | ২০৫২২.২৪ | ১০০.০০% | ১৩৯১৪.৬৩ |
| ৪) | সী-ট্রাক সংগ্রহ (৪ টি) (লট-১) | ১০৫৩৯.২৮ | আনন্দ শিপইয়ার্ড এন্ড স্লিপওয়েজ লিমিটেড | ৭৬৫৮.২২ | ৮৪.০০% | ৭৩৪১.৯৭ |
| ৫) | ইউটিলিটি টাইপ ফেরি নির্মাণ (৬ টি) | ১৭৮৩৫.৮৩ | থ্রি এ্যাঙ্গেল মেরিন লিমিটেড | ১৭৮৩৫.৮২ | ৮৯.০০% | ১৪৩৪৬.৪৬ |
| ৬) | আধুনিক অভ্যন্তরীণ যাত্রিবাহী জাহাজ সংগ্রহ (৩ টি) | ২৬২২৭.১২ | | ২৬২২৭.১১ | ৬৫.০০% | ২১২১৫.৮৮ |
| ৭) | ফায়ার ফাইটিং টাগ সংগ্রহ (২ টি) | ৮৭৫৭.২৩ | | ৮৭৫৭.২২ | ৭০.০০% | ৭৯৮৪.১২ |
| ৮) | অয়েল ট্যাংকার নির্মাণ (২ টি) | ৮৯০২.৮৪ | | ৮৯০২.৮৩ | ৬৮.০০% | ৭৮১৯.৮৩ |
| ৯) | সী-ট্রাক সংগ্রহ (৪ টি) (লট-২) | ১১২৫২.২৮ | | ৭৬৫৯.৫০ | ৬৫.০০% | ৬১৫৪.২৩ |
| ১০) | কেবিন ক্রুজার কাম পরিদর্শন বোট (১ টি) | ৮৮১.০০ | | ৮৮১.০০ | ৩৫.০০% | ৩০৮.৩৫ |
| ১১) | কে-টাইপ ও ইউটিলিটি টাইপ ফেরি পরিচালনা উপযোগী পন্টুন (৬ টি) | ২১৯৪.৫১ | নারায়ণগঞ্জ ইঞ্জিনিয়ারিং এন্ড শিপবিল্ডিং লিমিটেড | ২০২৪.১৩ | ১০০% | ২১৯৪.৫১ |
| ১২) | রকেট ঘাট পন্টুন (২ টি) | | | | | |

**২ টি স্লিপওয়ে নির্মাণ (সিভিল ওয়ার্কস)**

| ক্রমিক নং | অঙ্গের নাম | সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য | নির্মাতা প্রতিষ্ঠানের নাম | মূল চুক্তি মূল্য (ভ্যাট, ট্যাক্স সহ) | বাস্তব অগ্রগতি | আর্থিক অগ্রগতি (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|

| | | (লক্ষ টাকা) | | (লক্ষ টাকা) | | |
|---|---|---|---|---|---|---|
| ১) | স্লিপওয়ে নির্মাণ (ডকইয়ার্ড-০১ ও ০২) (লট-১) | ৩৩৪৯.৯৭ | এফ. এম. সি ডকইয়ার্ড লিঃ | ৩৩৪৯.৯৭ | ৯২.১০% | ২৯৫১.৫২ |
| ২) | নদী শাসন (স্লিপওয়ে সংলগ্ন নদী তীরবর্তী এলাকার ভাঙন রোধ), ডকইয়ার্ড সংলগ্ন নদীর তলদেশ হতে মাটি / কাদা এবং বালি ড্রেজিং ও ম্যানুয়াল কাটিং এর মাধ্যমে অপসারণ (লট-২) | ৯৯১.৪৯ | এস. এস রহমান ইন্টারন্যাশনাল | ৯৯১.৪৯ | ৮৭.৬০% | ৭১২.৫৪ |
| ৩) | জেটি নির্মাণ (স্টীল গ্যাংওয়ে/বেইলী ব্রীজ বেইজ পন্টুন স্পাড ও আরসিসি এ্যাবাটমেন্টসহ) (লট-৩) | ৫৫৭.১৩ | থ্রী এ্যাঞ্জেল মেরিন লিমিটেড এবং মেসার্স তানিয়া এন্টারপ্রাইজ (জেভি) | ৫৫৭.১৩ | ৮৬.১০% | ৩৯৭.৩৫ |
| **মেশিনারিজ সংগ্রহ / ক্রয়:** | | | | | | |
| ৪) | স্লিপওয়ে ও উইঞ্চ এর জন্য মেশিনারিজ সংগ্রহ, স্থাপন, টেস্টিং এবং কমিশনিং (লট-১) | ১০২৬.০০ | মেসার্স খলকু ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস | ৭২৬.০৫ | ৭১.৫০% | ৪৭৯.২২ |
| ৫) | ওয়ার্কশপের জন্য মেশিনারিজ সংগ্রহ (লট-২) | ১০৬৯.৬০ | দেওয়ান ইঞ্জিনিয়ারিং লিমিটেড | ১০৬৯.৬০ | ৯৮.০০% | ১০৬৯.৫৬ |
| ৬) | ক্রেন, সাবস্টেশন, ডিজেল জেনারেটর, ফর্ক লিফট ক্রয় / সংগ্রহ ও স্থাপন (লট-৩) | | | | | |

**২। ক) প্রকল্পের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি (ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত):**

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | এডিপি/আরএডিপি বরাদ্দ | | | মোট অবমুক্তকৃত টাকা | মোট প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|---|
| | জিওবি | সংস্থার নিজস্ব অর্থ | মোট | | |
| ১) | ২) | ৩) | ৪) | ৫) | ৬) |
| ২০১৮-১৯ | ২৮.০০ | ১.৪৭ | ২৯.৪৭ | ২৯.৪৭ | ১৯.৮৩ |
| ২০১৯-২০ | ৫৫০০.০০ | ২৮৯.৪৭ | ৫৭৮৯.৪৭ | ৫৭৮৯.৪৭ | ৫৬৯৬.১৭ |
| ২০২০-২১ | ১৫০৯৯.০০ | ৭৯৪.৬৮ | ১৫৮৯৩.৬৮ | ১৫৮৯৩.৬৮ | ১৫৮৯৩.৬৮ |
| ২০২১-২২ | ১৮১৫৩.০০ | ৯৫৫.৪২ | ১৯১০৮.৪২ | ১৯১০৮.৪২ | ১৮৯৫২.৬১ |
| ২০২২-২৩ | ৩৭০০০.০০ | ১৯৪৭.৩৬ | ৩৮৯৪৭.৩৬ | ৩৩১০৫.২৬ | ৩২০৪৭.৫৩ |
| ২০২৩-২৪ | ৩৫০০০.০০ | ১৮৪২.১০ | ৩৬৮৪২.১০ | ৩৬৮৪২.১০ | ৩৬৫৫০.৪২ |
| ২০২৪-২৫ | ৩০০০০.০০ | ১৫৭৮.০০ | ৩১৫৭৮.০০ | ৩০২৪৭.৮১ | ২৯০৫৩.৭০ |
| ২০২৫-২৬ | ৩৮২৪৪.০০ | ২৫৭৪.০০ | ৩৯৭২১.০০ | ১৯৮৬০.৫০ | ১৯৬০২.৬১ |

**খ) প্রকল্পের শুরু হতে ডিসেম্বর'২০২৫ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত অগ্রগতি:** (লক্ষ টাকায়)

| খাত | জিওবি (৯৫%) | বিআইডব্লিউটিসি (৫%) | মোট |
|---|---|---|---|
| ১) | ২) | ৩) | ৪) (২ + ৩) |
| রাজস্ব (ক) | ৩৪৫২.৫৭ | ১৮১.৭১ | **৩৬৩৪.৩৬** |
| মূলধন (খ) | ১৪৭৬৯০.০৮ | ৭৭৭৩.১৬ | **১৫৫৪৬৩.২৩** |
| **মোট (ক + খ)** | **১৫১১৪২.৬৫** | **৭৯৫৪.৮৭** | **১৫৯০৯৭.৫৯** |

**৩। গত ২৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১৭ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:**

| ক্রঃনং | প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১৭ তম সভার সিদ্ধান্ত | সিদ্ধান্তের আলোকে গৃহীত পদক্ষেপ |
|---|---|---|
| ৩.১। | নির্মাতা প্রতিষ্ঠানসমূহের নির্মাণ কাজ আরও বেগবান এবং নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিয়মিত শিপইয়ার্ড পরিদর্শন অব্যাহত রাখতে হবে; | প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, প্রকল্প প্রকৌশলীসহ তদারকি কমিটির সদস্যবৃন্দ কর্তৃক নিয়মিত শিপইয়ার্ডসমূহ সরেজমিনে পরিদর্শন অব্যাহত রয়েছে। |
| ৩.২। | নির্মাতা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা এবং নির্ধারিত সময় অনুযায়ী নির্মাণ কাজ সম্পন্ন করা নিশ্চিত করতে হবে; | নির্মাতা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নিয়মিত মাসিক কর্মপরিকল্পনা দাখিল করা হচ্ছে এবং সে অনুযায়ী জলযান নির্মাণকাজ নিয়মিত তদারকি করা হচ্ছে। |
| ৩.৩। | দ্রুততম সময়ের মধ্যে সকল অনুমোদিত নকশা ক্ল্যাসিফিকেশন সোসাইটি হতে সংগ্রহ করে নির্মাতা প্রতিষ্ঠান বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | ক্ল্যাসিফিকেশন সোসাইটি হতে ইতোমধ্যে নির্মাণাধীন জলযানসমূহের বেশিরভাগ অনুমোদিত নকশা সংগ্রহ করা হয়েছে এবং নির্মাতা প্রতিষ্ঠানকে সরবরাহ করা হয়েছে। কিছু নকশা অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে, অনুমোদন পাওয়া সাপেক্ষে সরবরাহ করা হবে। |
| ৩.৪। | স্লিপওয়ে নির্মাণ অঙ্গের বিপরীতে নকশা ভেটিং পরবর্তী প্রস্তাবিত ভেরিয়েশনসমূহ অন্তর্ভূক্ত করে প্রকল্প ব্যয় ও মেয়াদ বৃদ্ধির বিষয়ে মাননীয় উপদেষ্টা কর্তৃক পূর্ত সংশ্লিষ্ট কাজ সরেজমিনে পরিদর্শন শেষে সিদ্ধান্ত গ্রহণ করা হবে; | মাননীয় উপদেষ্টা কর্তৃক এখনো সরেজমিনে পরিদর্শন করা হয় নাই, পরিদর্শন সাপেক্ষে স্লিপওয়ে নির্মাণ অঙ্গের বিপরীতে প্রস্তাবিত ভেরিয়েশনসমূহ অন্তর্ভূক্ত করে প্রকল্প ব্যয় ও মেয়াদ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। |
| ৩.৫। | প্রকল্পের আওতাভূক্ত বিভিন্ন অঙ্গের সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত ডিজাইন পরামর্শক, ক্ল্যাসিফিকেশন সোসাইটি, নির্মাতা প্রতিষ্ঠান ও সরবরাহকারী প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সাথে সরাসরি, টেলিফোনিক মাধ্যম ও ই-মেইলের মাধ্যমে প্রতিনিয়ত যোগাযোগ রক্ষা করা হচ্ছে। উল্লেখ্য যে, ডিজাইন পরামর্শক প্রতিষ্ঠান ও ক্লাসিফিকেশন সোসাইটি কর্তৃক দাবিকৃত অতিরিক্ত কাজের জন্য যৌক্তিকতা ও পরিমাণ নির্ধারণপূর্বক চুক্তিমূল্য সংশোধন করতে হবে। |
| ৩.৬। | মাসভিত্তিক অগ্রগতি কর্মপরিকল্পনা প্রস্তুত করে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং মনিটরিং অব্যাহত রাখতে হবে; | প্রকল্পের সমাপ্ত হওয়ার পরে জলযানসমূহ পরিচালনার পরিকল্পনা এবং যে লোকবল প্রয়োজন তা নিয়োগের নিমিত্ত প্রকল্প সমাপ্ত হওয়ার পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| ৩.৭। | প্রকল্পের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিতে প্রদত্ত বরাদ্দের যথাযথ ব্যয় নিশ্চিত করতে হবে। | মেয়াদ বৃদ্ধি সাপেক্ষে ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিতে প্রদত্ত বরাদ্দের যথাযথ ব্যয় নিশ্চিত করা সম্ভব হবে। |

**৪। প্রকল্প বাস্তবায়নে প্রতিবন্ধকতা:**

**জলযান নির্মাণ**

১) ডিজাইনার কর্তৃক দাখিলকৃত ও ক্লাসিফিকেশন সোসাইটি কর্তৃক অনুমোদিত সকল ড্রইং সরবরাহ পেতে বিলম্ব; তবে এ বিষয়ে সার্বক্ষনিক যোগাযোগ করা হচ্ছে;
২) জাহাজ সমূহের আমদানিতব্য সকল মেশিনারী ও ইকুইপমেন্ট সমূহ সঠিক সময়ে শিপইয়ার্ডে না পৌছানো;
৩) বিগত ২ বছর যাবত ডলারের মূল্য ক্রমাগত বৃদ্ধি পাওয়া;

**পূর্ত কাজ**

১) পূর্ত কাজের আওতায় স্লিপওয়ে নির্মাণ কাজ ও ক্র্যাডেলের ডিজাইন, ড্রইং এর ভেটিং কাজ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্পন্ন হয়েছে। ক্র্যাডেল, রেল ও অন্যান্য আইটেমের ডিজাইন, ড্রইং এর ব্যাপক পরিবর্তন সাধিত হয়েছে, যেমন: ক্র্যাডেল অংশে মোট ওজন ছিল ২২০ টন যা পরিবর্তিত হয়ে মোট ওজন দাড়ায় প্রায় ৯৩৪ টন; পূর্বে মোট ক্র্যাডেল এর সংখ্যা ছিল ২২টি এবং বর্তমানে তা পরিবর্তিত হয়ে ৪৪টি করা হয়েছে; ৩৭.৫ মি.মি প্লেট মেইন বিমে ব্যবহৃত হয়েছে এবং জয়েন্ট ডিজাইন ও অন্যান্য অংশেও পরিবর্তন হয়েছে; ক্র্যাডেলের চাকার উচ্চতা ছিল dia 16 inch যা পরিবর্তিত হয়ে বর্তমানে dia 28 inch করা হয়েছে; এছাড়াও স্লিপওয়ে রেলে পূর্বে প্রতি মি. UIC ৬০ কেজি ডিজাইনে দেখানো হয়েছিল, যা বর্তমানে পরিবর্তিত হয়ে প্রতি মি. ৭৪.৩ কেজি করা হয়েছে। এর প্রেক্ষিতে পূর্ত সংশ্লিষ্ট অতিরিক্ত কাজের প্রয়োজনীয়তা রয়েছে কিনা তা যাচাই করতঃ সংশোধিত ডিপিপি প্রস্তুতির লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক একটি কমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটির প্রতিবেদন ও বুয়েট কর্তৃক ভেটিংকৃত নকশার কারণে বর্ণিত অঙ্গের ব্যয় বৃদ্ধি পাবে।

২) স্লিপওয়ে নির্মাণ কাজটি সম্পন্ন না হওয়া পর্যন্ত শিট পাইলগুলো উত্তোলন করা সম্ভব হচ্ছেনা। উক্ত শিট পাইলগুলো ঠিকাদারী প্রতিষ্ঠান এর সাথে সম্পাদিত চুক্তিপত্র অনুযায়ী ২৪ মাসের জন্য আনা হয়। বিভিন্ন কারণে স্লিপওয়ে নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ায় উক্ত শিট পাইল উত্তোলন সম্ভব না হওয়ায় বিগত প্রায় ৩০ মাসের শিট পাইল বাবদ অতিরিক্ত ভাড়া ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হচ্ছে। বর্ণিত কাজের শিট পাইলের অতিরিক্ত সময়ের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক অতিরিক্ত ব্যয় দাবি করা হয়েছে।

৩) সরকারী নিয়ম অনুযায়ী পল্লী বিদ্যুতের সংযোগ পাওয়ার শর্ত নীতিমালা হিসেবে প্রতিটি সাব-স্টেশনের জন্য অতিরিক্ত ৩৯ কিলোওয়াট সোলার প্যানেলের প্রয়োজন হবে। অর্থাৎ দুইটি সাব-স্টেশনের জন্য (৩৯ X ২) = ৭৮ কিলোওয়াট সোলার প্যানেলের প্রয়োজন হবে। বর্ণিত কাজটি সম্পন্ন করতে অতিরিক্ত কাজের ভেরিয়েশন প্রয়োজন হবে।

৪) প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক (পূর্ত) এবং প্রকল্প প্রকৌশলী পরিদর্শন পূর্বক বেশ কিছু অতিরিক্ত কাজ যথা: সি.সি ব্লক বসিয়ে সাইট প্রটেকশন; ওয়েল্ডিং কাজের জন্য কেবল এবং ডাক্টিং স্থাপন; উইঞ্চ রুম সংলগ্ন স্থানে মাটি ভরাট পূর্বক সিসি ঢালাইকরণ; স্লিপওয়ের পানি এবং রাস্তার পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ; স্লিপওয়ে সংলগ্ন আর.সি.সি রোডে অত্যাধুনিক বাতি সংযোজন; স্লিপওয়ের উইঞ্চদ্বয় কার্যক্ষম করণের লক্ষ্যে ডক-১ এ ১৫০০ মিটার এবং ডক-২ এ ১৫০০ মিটার মোট ৩০০০ মিটার ক্যাবল সরবরাহ; উইঞ্চ রুমে বিদ্যুৎ সরবরাহ করার জন্য 120 RM LT ক্যাবল অন্তর্ভুক্তকরণ; ১৫০ এম্পিয়ার ক্ষমতাসম্পন্ন উইঞ্চ মটর, বৈদ্যুতিক ভোল্টেজ এর তারতম্যের কারণে ক্ষতির হাত হতে রক্ষার জন্য AVR ও SDB সংযোজন; ক্র্যাডেল ও উইঞ্চ এর মধ্যে বাফার হিসাবে গর্জন কাঠ সংযোজন এর প্রয়োজনীয়তা দেখা দিয়েছে, ফলে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পাবে।

**৫। আলোচ্য সূচি:**

১) "বিআইডব্লিউটিসি'র জন্য ৩৫টি বাণিজ্যিক ও ৮টি সহায়ক জলযান সংগ্রহ এবং ২টি নতুন স্লিপওয়ে নির্মাণ (২য় সংশোধিত) (বিশেষ সংশোধন)" শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদন;
২) কোস্টাল সি-ট্রাকের ভেরিয়েশন প্রস্তাব অনুমোদনের ব্যবস্থা গ্রহণ;
৩) পূর্ত সংশ্লিষ্ট অতিরিক্ত কাজের মূল্য, ডিজাইন পরামর্শক প্রতিষ্ঠান ও ক্লাসিফিকেশন সোসাইটি এর অতিরিক্ত কাজের মূল্য বৃদ্ধির প্রস্তাব অন্তর্ভূক্তকরতঃ ডিপিপি সংশোধন করা।

**৬। প্রস্তাবনা:**

(ক) কোস্টাল সি-ট্রাকের ভেরিয়েশন প্রস্তাব দ্রুততম সময়ের মধ্যে অনুমোদন প্রদান করতে হবে;

(খ) পূর্ত সংশ্লিষ্ট অতিরিক্ত কাজের মূল্য, ডিজাইন পরামর্শক প্রতিষ্ঠান ও ক্লাসিফিকেশন সোসাইটি এর অতিরিক্ত কাজের মূল্য অন্তর্ভূক্তকরতঃ ডিপিপি সংশোধন এবং প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করতে হবে।